গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং- ১০.০০.০০০০.১২৬.২৬.৩৫৯.২৫.২৯১৫

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২
০২ নভেম্বর ২০২৫

বিষয়: সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়নের আওতায় গাড়ির মাসিক রক্ষণাবেক্ষণ খরচ ১০০% নির্ধারণ প্রসঙ্গে।

সূত্রঃ ০১। জেজকা/খাগড়া/প্রশাসন/২০২৫-১৪৩, তারিখ: ১৪/১০/২০২৫ খ্রিঃ, জেলা ও দায়রা জজ, খাগড়াছড়ি।
০২। ২২৯, তারিখঃ ০৯/১০/২০২৫ খ্রিঃ, জেলা ও দায়রা জজ, পিরোজপুর।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস সদস্যদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২৪ এর ১৬ নং অনুচ্ছেদের আলোকে ক্রয়কৃত গাড়ির রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ১০০% রক্ষণাবেক্ষণ ব্যয় অর্থাৎ মাসিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনে নিম্নের ছকের ৩ নং কলামে বর্ণিত যৌক্তিকতার আলেকে ৪নং কলামে উল্লিখিত সুপারিশের মাধ্যমে জনাব শায়লা শারমিন, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, খাগড়াছড়ি এবং জনাব এস.এম আনিসুর রহমান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, পিরোজপুর-কে ছাড়পত্র প্রদান করা হলো।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | ক্রয়কৃত গাড়ির রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রাপ্যতার যৌক্তিকতা | সুপারিশ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১। | জনাব শায়লা শারমিন, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, খাগড়াছড়ি | অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, খাগড়াছড়ি এর অনুকূলে কোনো গাড়ি টিওএন্ডইভুক্ত নেই। ফলে, উক্ত কর্মকর্তা সার্বক্ষণিক ব্যবহারের জন্য কোনো গাড়ি সুবিধা পাচ্ছেন না। | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস সদস্যদের সুদমুক্ত ঋণ ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০২৪ এর ১৬ নং অনুচ্ছেদের আলোকে গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নির্ধারণে সম্মতি প্রদান করা হলো। তবে শর্ত থাকে যে, উক্ত আদালতের বিপরীতে টিওএন্ডইভুক্ত গাড়ি সরবরাহ করা হলে বা উক্ত বিচার বিভাগীয় কর্মকর্তা অন্য কোনো আদালত/ট্রাইব্যুনালে বদলি হলে এবং বদলিকৃত কর্মস্থলে টিওএন্ডইভুক্ত গাড়ি থাকলে সেক্ষেত্রে তিনি গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রাপ্য হবেন। |

| | | | |
|---|---|---|---|
| ০২। | জনাব এস.এম আনিসুর রহমান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, পিরোজপুর | অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, পিরোজপুর এর অনুকূলে কোনো গাড়ি টিওএন্ডইভুক্ত নেই। ফলে, উক্ত কর্মকর্তা সার্বক্ষণিক ব্যবহারের জন্য কোনো গাড়ি সুবিধা পাচ্ছেন না। | ঐ |

(মো. মতিউর রহমান)
উপসচিব (বাজেট-১)
ফোন: ৯৫৪০০০৯ (অ)

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২৬.৩৫৯.২৫.২৯১৫ তারিখঃ ০২/১১/২০২৫ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :-

১। জেলা ও দায়রা জজ, খাগড়াছড়ি ও পিরোজপুর।
২। জনাব শায়লা শারমিন, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, খাগড়াছড়ি।
৩। জনাব এস.এম আনিসুর রহমান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, পিরোজপুর।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/ডিষ্টিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি ও পিরোজপুর।
৬। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০২.১১.২০২৫
(মো. মতিউর রহমান)
উপসচিব (বাজেট-১)